সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৫৩

তারিখ: ০১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯২৬ তম কমিশন সভা অদ্য ১৭/১০/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

কমিশনের সম্মতিপত্রে উল্লিখিত সরকারের শেয়ার ৫১% বৃদ্ধির শর্ত পরিপালন সাপেক্ষে পুঁজিবাজারে তালিকাভুক্ত National Tea Company Limited এর আবেদন মোতাবেক মূলধন বৃদ্ধির লক্ষ্যে প্রদত্ত সম্মতিপত্রের মেয়াদ (শেয়ারের চাঁদা গ্রহণের সময়সীমাসহ) ৩১ মার্চ ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। একইসাথে, সংগৃহীত চাঁদায় ক্ষেত্রে সরকারের শেয়ার ৫১% বৃদ্ধির শর্ত পরিপালিত না হলে কমিশনের পূর্বানুমোদন ছাড়া কোম্পানিটি উক্ত চাঁদা ব্যবহার করতে পারবে না মর্মে সিদ্ধান্ত হয়।

এছাড়াও উল্লেখ্য, পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে National Tea Company Limited এর বিগত ৫ বছরে সরকারি শেয়ারধারণ হ্রাসের কারণ, শেয়ার বিক্রয় বা হস্তান্তরের মাধ্যমে উক্ত কোম্পানির মূলধন কাঠামো (Capital Structure) এর উল্লেখযোগ্য পরিবর্তন, শেয়ারের চাঁদা গ্রহণের (subscription) সময় বৃদ্ধির আবেদন প্রক্রিয়াধীন থাকা অবস্থায় সংশ্লিষ্ট বিও হিসাবে শেয়ার ক্রেডিট করার কারণ, বিদ্যমান বর্তমান ঋণের দায় (Loan Obligation) এবং গত তিন বছর ধরে ক্রমাগত লোকসানের কারণ, উক্ত কোম্পানির শেয়ার দরের উল্লেখযোগ্য পরিবর্তনের কারণ, মূলধন বৃদ্ধির সম্মতিপত্রে উল্লেখিত শর্তসমূহের পরিপালিত হয়েছে কিনা তা পরীক্ষা করাসহ অন্যান্য বিষয়ে তদন্ত (Enquiry) পরিচালনার জন্য বিএসইসি গত ১৬ অক্টোবর তারিখে একটি তদন্ত (Enquiry) কমিটি গঠন করেছে। উক্ত তদন্ত কমিটি তদন্ত কার্য সম্পন্ন করে ৬০ দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন কমিশন বরাবর দাখিল করবে।

17.10.2024
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র